# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট
## শ্রেণি- দ্বিতীয়
## বিষয়- গণিত

### ভাগ – সংক্ষেপে ভাগ

১।১০,১০০,১০০০ইত্যাদি দিয়ে সংক্ষেপে ভাগ:-

**i)**৪৩০০÷১০=ভাগফল ৪৩০ [ভাগশেষ ০]

(ভাজ্য ৪৩০০,ভাজক১০)[ভাগশেষ ০ হলে লিখতে হবে না]

**ii)**৪৩২১০÷১০০=ভাগফল ৪৩২ও ভাগশেষ ১০

**iii)**৭৯২৪৫÷১০০০=ভাগফল ৭৯ও ভাগশেষ ২৪৫

**iv)**৩২১২৫৬÷১০০০=ভাগফল ৩২১ ও ভাগশেষ ২৫৬

[নিয়ম:-ভাজকে ১-র পাশে যতগুলি ‘০’থাকবে, ভাজ্যের ডানদিক থেকে ততগুলি অঙ্ক ভাগশেষ হবে ও বাঁদিকে বাকি অঙ্কগুলি ভাগফল হবে ।]

১।সংক্ষেপে ভাগ করে ভাগফল ও ভাগশেষ লেখো:-

**i)**৭৩০০÷১০, **ii)**২৯৮০৭÷১০০,

**iii)**৫৩২৩৪÷১০, **iv)**৭৭৭০৮৯÷১০০

**v)**৪৬৭১২৩÷১০০০

**vi)**৩০২৫০০÷১০০০

**vii)**১৭০৫০০÷১০০

**viii)**৯৯৮৭৬০÷১০০০

**ix)**২৩৭৮২÷১০

**x)**১৫০২৩৪÷১০০

## বিষয়-সমস্যার ভাগ

১।সমস্যার অঙ্ক বলতে কী বোঝ?
উ:-প্রশ্নের অঙ্ক ।
২।ভাগ অঙ্কে সংখ্যার মান বাড়ে না কমে?
উ:-কমে।
৩।২টি পেনের দাম ১০টাকা হলে, একটি পেনের দাম কত?
**[Conception:-i)**২টি পেনের দামের থেকে ১টি পেনের দাম কম হবে না বেশি?
**ii)**এক্ষেত্রে সংখ্যার মান কমবে না বাড়বে?
**iii)**সংখ্যার মান কমে কোন্ কোন্ প্রক্রিয়ায়?
**iv)** বেশির মান বলে দিলে,একটির মান জানতে চাইলে কী অঙ্ক হয়?]

উ:-**i)**কম হবে ।
**ii)**কমবে ।
**iii)**বিয়োগ ও ভাগে।
**iv)**ভাগ অঙ্ক ।]

২টি পেনের দাম ১০টাকা হলে
১,, ,, ,,(১০÷২),,
=৫টাকা হবে
উ:-১টি পেনের দাম ৫টাকা হবে ।
৪।১৮টাকা দিয়ে ৬টাকা দামের কতগুলি লজেন্স কেনা যাবে?
**[Conception:-**
**i)**১৮টাকা -মোট ছিল
- ৬টাকা-(১টি লজেন্স কেনাহল)

১২ টাকা-বাকি রইল

- ৬ টাকা–(২টি লজেন্স)

―――――――

৬ টাকা–বাকি রইল

- ৬ টাকা–(৩টি লজেন্স)

―――――――

০ টাকা

দেখা গেল, ৩টি লজেন্স কেনা গেল ।

**ii)**১৮থেকে ৬যতবার বিয়োগ করা গেল ততগুলি লজেন্স কেনা গেল।

**iii)**একটি বড়ো সংখ্যা থেকে একটি ছোটো সংখ্যা কতবার বিয়োগ করা যায় তা জানতে সহজে ভাগ করি।]

উ:–

৬টাকায় কেনা যায় ১টি লজেন্স

১৮ ,, ,, ,,(১৮÷৬),, ,,

=৩টি লজেন্স

উ:–১৮টাকা দিয়ে ৬টাকা দামের ৩টি লজেন্স কেনা যাবে ।

৫।৪৫৩০টি আম ১৫ টি ঝুড়িতে এমনভাবে রাখা হল যাতে প্রতি ঝুড়িতে সমান সংখ্যক আম থাকে ।তাহলে প্রতিটি ঝুড়িতে কতগুলি আম থাকবে?

উ:–প্রতিটি =১টি

[এখানে উত্তরে আমের সংখ্যা জানতে চেয়েছে তাই লেখার সময় 'আম' ডানদিকে আছে ।]

১৫টি ঝুড়িতেআছে ৪৫৩০টিআম

১ ,, ,, ,, (৪৫৩০÷১৫),,,,

=৩০২টি আম

৩০২

১৫)৪৫৩০(
-৪৫

০৩
-০

৩০
-৩০

০
উ:-প্রতিটি ঝুড়িতে ৩০২টি আম থাকবে ।

৬।অনুশীলনী-১৫(১১নং)

৭০মিটার কাপড় থেকে ৬মিটারের কটি টুকরো কাটা যাবে?কাটার পর কত কাপড় বেশি থাকবে?
উ:-
৬মিঃ মাপ হয় ১টি টুকরোর
৭০মিঃ ,, ,,(৭০÷৬),, ,,
=১১টি টুকরোর

১১

৬)৭০(
-৬৬

(৪)--বেশি থাকছে

উ:-১১টি টুকরো কাটা যাবে ।
৪ মিটার কাপড় বেশি থাকবে ।

৭। অনুশীলনী-১৫---
i)৫নং থেকে ১৪নং
ii)১৬ নং----২০কিলোগ্রামের বদলে ১২কিলোগ্রাম ধরে অঙ্ক করবে ।
iii)১৭,১৯,২১

**বিঃদ্রঃ**

- **ছাত্র-ছাত্রীদের পাঠ যদি বুঝতে সমস্যা হয়, তবে নিজের বক্তব্য Comment Box- এ পাঠাও।**
- **নিজের নাম, শ্রেণি, বিভাগ, ক্রমিক সংখ্যা ও যোগাযোগ নম্বর উল্লেখ করবে।**
- **আমরা সরাসরি তোমাদের সাথে যোগাযোগ করে নেবো।**